

## বিজ্ঞপ্তি

অনন্য সাধারণ মেধা (Extraordinary Talent) অন্বেষণের লক্ষ্যে এবং শহর ও গ্রামের শিক্ষা বৈষম্য নিরসনে দেশব্যাপী সৃজনশীল মেধা অনুসন্ধানে সরকার সমন্বিত কর্মসূচি গ্রহণ করেছে। সৃজনশীল মেধা অন্বেষণ রংপুর বিভাগীয় শহর এলাকার (সিটি কর্পোরেশন এলাকা) প্রতিযোগিতা আগামী ১০.০৪.২০১৮ খ্রি. সকাল ১০.০০ ঘটিকায় রংপুর জিলা স্কুল/রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে। এই প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আগ্রহী শিক্ষার্থীদের নির্ধারিত ফরমে আবেদন আগামী ০৮.০৪.২০১৮ খ্রি. বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো। একজন প্রতিযোগীর একাধিক বিষয়ের জন্য পৃথক আবেদন থাকা বাঞ্ছনীয়। [www.Ministry of Education.gov.bd](http://www.Ministry of Education.gov.bd) ও [www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd) এ ঠিকানায় আবেদন ফরম পাওয়া যাবে। এছাড়াও অত্র দপ্তরের ওয়েব ঠিকানা [www.dshrangpur.gov.bd](http://www.dshrangpur.gov.bd) ও রংপুর জিলা স্কুল/রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের নোটিশ বোর্ডে সকল তথ্য পাওয়া যাবে।

### শ্রেণি :

- ১) ৬ষ্ঠ থেকে ৮ম
- ২) ৯ম ও ১০ম
- ৩) একাদশ ও দ্বাদশ

### বিষয় :

- ১) ভাষা ও সাহিত্য
- ২) দৈনন্দিন বিজ্ঞান/ বিজ্ঞান
- ৩) গণিত ও কম্পিউটার
- ৪) বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ

যে সকল শিক্ষার্থী এস.এস.সি এবং এইচ.এস.সি পরীক্ষা-২০১৮ তে অংশগ্রহণ করছে/করেছে তাদের আবেদন করার প্রয়োজন নেই।

মূল্যায়ন পদ্ধতি	ভাষা ও সাহিত্য	ক. তাৎক্ষণিক রচনা প্রতিযোগিতা (বাংলা ও ইংরেজি, লিখিত), নম্বর-১০+১০ খ. পর্যায়ক্রমে গল্প বলা, নম্বর- ১০ গ. উপস্থিত বক্তৃতা (বাংলা ও ইংরেজি), নম্বর- ১০+১০, সর্বমোট নম্বর = ৫০
	৬ষ্ঠ-৮ম পর্যায়ের জন্য দৈনন্দিন বিজ্ঞান এবং ৯ম-১২শ পর্যায়ের জন্য বিজ্ঞান (পদার্থ, রসায়ন ও জীব বিজ্ঞান)	ক. MCQ, নম্বর ১০ খ. বিজ্ঞান বিষয়ক রচনা, নম্বর- ১০ গ. বিজ্ঞান বিষয়ক প্রকল্প উপস্থাপন, নম্বর- ৩০ সর্বমোট নম্বর = ৫০
	গণিত ও কম্পিউটার	ক. গণিত (লিখিত ও মৌখিক মূল্যায়ন), নম্বর- ২০+১০ খ. কম্পিউটার (সমস্যা সমাধান), নম্বর- ২০ সর্বমোট নম্বর = ৫০
	বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ	ক. লিখিত সৃজনশীল, নম্বর- ২০ খ. MCQ, নম্বর- ১০ গ. মৌখিক, নম্বর ২০ সর্বমোট নম্বর = ৫০

০২.০৪.২০১৮  
মো: মোস্তাক হাবিব

আঞ্চলিক উপপরিচালক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা  
রংপুর অঞ্চল, রংপুর

ddrangpur@yahoo.com

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রম অনুসারে নয়) :

১. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর (সদয় জ্ঞাতার্থে)।
২. জেলা শিক্ষা অফিসার, রংপুর (বিভাগীয় শহর এলাকা/সিটি কর্পোরেশন এলাকার শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে বিষয়টি অবহিত করণের জন্য অনুরোধ করা হলো)।
৩. প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর (অত্র দপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, রংপুর (বিভাগীয় শহর এলাকা/সিটি কর্পোরেশন এলাকার শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে বিষয়টি অবহিত করণের জন্য অনুরোধ করা হলো)।
৫. অধ্যক্ষ, .....
৬. প্রধান শিক্ষক/শিক্ষিকা .....
৭. জনাব .....
৮. সংরক্ষণ নথি।